দেশে করোনায় ঝরে গেল আরও ৪১ প্রাণ, আক্রান্ত ৩৩৬০

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৪১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে এই বৈশ্বিক মহামারী দুই হাজার ২৩৮ জনের প্রাণ কেড়ে নিয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে এক অনলাইন ব্রিফিংয়ে স্বাস্থ্য অধিদফতর এমন তথ্য জানিয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা বলেন, গত একদিনে ১৫ হাজার ৬৩২টি নমুনা পরীক্ষা হয়েছে। যাদের মধ্যে তিন হাজার ৩৬০ জনের করোনা শনাক্ত হয়েছে। এতে সর্বমোট আক্রান্তের সংখ্যা বেড়ে এক লাখ ৭৫ হাজার ৪৯৪ জনে গিয়ে দাঁড়িয়েছে।

এখন পর্যন্ত ৯ লাখ চার হাজার ৭৮৪টি নমুনা পরীক্ষা হয়েছে জানিয়ে এই চিকিৎসক বলেন, গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২১ দশমিক ৪৯ শতাংশ। আর এ পর্যন্ত শনাক্তের হার ১৯ দশমিক ৪০ শতাংশ।

গত একদিনে তিন হাজার ৭০৬ রোগী সেরে উঠেছেন বলেও জানিয়েছেন নাসিমা সুলতানা। তিনি বলেন, এ পযন্ত ৮৪ হাজার ৫৪৪ জন সুস্থ হয়েছেন। অর্থাৎ ৪৮ দশমিক ১৭ শতাংশ রোগী কোভিড-১৯ থেকে সেরে উঠেছেন।

বাংলাদেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল ৮ মার্চ, তা দেড় লাখ পেরিয়ে যায় গত ২ জুলাই। সেদিন ৪ হাজার ১৯ জন কোভিড-১৯ রোগী শনাক্ত হয়, যা এক দিনের সর্বোচ্চ।

আর ১৮ মার্চ বাংলাদেশে করোনাভাইরাসে প্রথম মৃত্যুর খবর নিশ্চিত করে স্বাস্থ্য অধিদফতর। ৫ জুলাই তা দুই হাজার ছাড়িয়ে যায়।

এর মধ্যে ৩০ জুন এক দিনেই ৬৪ জনের মৃত্যুর খবর জানানো হয়, যা এক দিনের সর্বোচ্চ মৃত্যু।

গত বছরের শেষ দিকে চীনের উহানে প্রথম করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়ে। ক্রমে সেটা বৈশ্বিক মহামারীর রূপ নিয়ে ছড়িয়ে পড়ে। চীন দুই মাসের মধ্যে তাদের দেশে সংক্রমণ নিয়ন্ত্রণে নিয়ে আসে।

ইউরোপের অনেক দেশেও তিন থেকে চার মাসের মধ্যে সংক্রমণ নিয়ন্ত্রণে এনেছে। সে তুলনায় এশিয়া ও আমেরিকা মহাদেশের বেশির ভাগ দেশে সংক্রমণের ঊর্ধ্বগতি বেশি দীর্ঘস্থায়ী হচ্ছে।

গভর্নরের চাকরির মেয়াদ বাড়ল

বাংলাদেশ ব্যাংকের গভর্নরের অবসরের বয়সসীমা দুই বছর বাড়িয়ে সংসদে বিল পাস করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক (সংশোধন) অ্যাক্ট-২০২০ নামে বিলটি অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের পক্ষে পাসের প্রস্তাব উত্থাপন করেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান।
বৃহস্পতিবার বেলা ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ অধিবেশন শুরু হলে। শুরুতেই বিল পাসের প্রস্তাব উত্থাপন করেন পরিকল্পনা মন্ত্রী। এরআগে বুধবার বিলটি সংসদে উত্থাপন করা হয়।

বিলটি জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব দেন বিরোধী দল জাতীয় পার্টির সংসদ সদস্য ফখরুল ইমাম, কাজী ফিরোজ রশীদ, মুজিবুল হক, শামীম হায়দার পাটোয়ারী, রওশন আরা মান্না, পীর ফজুলুর রহমান এবং বিএনপির সংসদ সদস্য হারুন অর রশীদ এবং রুমিন ফারহানা।

জাতীয় পার্টির মুজিবুল হক চুন্নু ও বিএনপির হারুন অর রশীদসহ বেশ কয়েকজন এমপি এই বিল পাসের বিরোধিতা করে বলেন, একজন ব্যক্তির জন্য এই ধরনের বিল পাস সংবিধানবিরোধী। আর এটি একটি খারাপ উদাহরণ হিসেবে থাকবে।
জনমত যাচাই ও বাছাই করার প্রস্তাবের ওপর তারা আলোচনা করেন। পরে বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করা হলে সর্বসম্মতিক্রমে কণ্ঠভোটে পাস হয়। এখন এই বিলে রাষ্ট্রপতি স্বাক্ষর করার মধ্য দিয়ে কার্যকর হবে। এতে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের অবসরের বয়স ৬৫ বছর থেকে ৬৭ বছরের উন্নীত হল।
জনমত যাচাই বাছাই নিয়ে সংসদ সদস্যদের বক্তব্যের জবাবে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বলেন, বাংলাদেশে ব্যাংক বা কেন্দ্রীয় ব্যাংক আমাদের অর্থ ব্যবস্থার কেন্দ্রীয় স্তম্ভ। আমাদের অর্থ

ব্যবস্থা কি পরিমাণে দাঁড়িয়েছে যারা আলোচনা করেছেন তারা জানেন। তারা প্রশ্ন করেছেন সময় বাড়ানোর প্রস্তাব কেন আসছে, আগে কেন করা হলো না। এইভাবে যদি বিচার করা হয় তাহলে সঙ্গত হবে না।

তিনি বলেন, আমাদের পূর্বের গভর্নর যারা ছিলেন তারা সবাই অত্যন্ত ভালো মানুষ ছিলেন, প্রাজ্ঞ ও অভিজ্ঞ ছিলেন এবং এমনকি সরকারি কর্মচারীদের আগে বয়স ছিল ৫৭ বছর আমরা যখন চাকরি করতাম তখন ৫৭ ছিল এখন সরকার পরিবর্তন করে ৫৯, ৬০ করেছে।

বিচারপতিগণের ৬৭ বছর পর্যন্ত উপভোগ করছে সুতরাং সময়ের পরিবর্তনে স্বাস্থ্য ভালো হচ্ছে, অনেক বেশি নতুন নিয়ম কানুন আসছে এটার সঙ্গে অ্যাডজাস্ট করতে গিয়ে আইন কানুন পরিবর্তন করতে হয়। এটাই প্রথম আইন না। জীবন্ত সরকার সময় সময় রিঅ্যাডজাস্ট করে চলতে হবে।

মন্ত্রী বলেন, সংসদ সদস্যগণ যুক্তি সঙ্গত কথা বলেছেন। তার চেয়ে আরও বেশি যুক্তিসঙ্গত হলো বাস্তবতা। এই বাস্তবতায় যে ধরনের গভর্নর প্রয়োজন তার যে অভিজ্ঞতার দরকার তার যে শিক্ষার দরকার তার জন্য যে প্রজ্ঞতার প্রয়োজন এগুলো বিচার করেই আমরা এই ব্যক্তিকে, এটা কোন ব্যক্তির বিষয় না, গভর্নর পোস্টের কথা বলেছি। এটা শুধু উনার জন্য না। এখন থেকে যারা গভর্নর হবেন এই সংসদ পুনরায় পরিবর্তন না করা পর্যন্ত এই ৬৭ থাকবে।

প্রসঙ্গত বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংক পরিচালিত হয় বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ অনুযায়ী। এখানে বলা আছে, সরকার গভর্নর পদে নিয়োগ দেবে এবং এর মেয়াদ হবে চার বছর। সরকার চাইলে মেয়াদ বাড়াতে পারবে। তবে বয়স হতে হবে ৬৫ বছরের মধ্যে। সূত্র-যুগান্তর

শিগগিরই এইচএসসিতে ভর্তি: শিক্ষামন্ত্রী

কোভিড-১৯ ভাইরাস পরিস্থিতির কারণে চলতি বছরের একাদশ শ্রেণিতে (এইচএসসি) ভর্তি কার্যক্রম বিলম্বিত হচ্ছে। এ নিয়ে শিক্ষার্থীরা চরম অনিশ্চয়তায় দিন কাটাচ্ছে। এ বিষয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু

মনি সংসদকে জানিয়েছেন, নীতিমালার আলোকে শিগগিরই সিদ্ধান্ত নিয়ে ভর্তি কার্যক্রম শুরু করা হবে।

বৃহস্পতিবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে ঢাকা-১০ আসনের এমপি শফিউল ইসলামের প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, করোনাভাইরাস সংক্রমণের পরিস্থিতিতেও ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২০ ইতিমধ্যে প্রণয়ন করা হয়েছে। ৩১ মে এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হলেও কোভিড ১৯-এর কারণে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম বিলম্বিত হচ্ছে। ভর্তির বিষয়ে শিক্ষা বোর্ড প্রস্তুত রয়েছে। শিগগিরই ভর্তি কার্যক্রম শুরু হবে।

নোয়াখালী-৩ আসনের সংসদ সদস্য মামুনুর রশীদ কিরণের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দেশে সরকারি পর্যায়ে কোনো ইংরেজি মাধ্যম স্কুল নেই। বেসরকারি পর্যায়ে ১৪৫টি ইংরেজি মাধ্যম স্কুল রয়েছে।

শফিউল ইসলামের প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন জানান, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বন্ধ করার কোনো পরিকল্পনা সরকারের নেই। এ পরীক্ষা অধিকতর যুযোপযোগী করে আয়োজনের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় একটি বোর্ড গঠনের বিষয়ে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪)-এর ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সত্য ঘটনা অবলম্বনে “ভালোবাসার ফাঁদ” – এস আই

মেহেদী

চাঁপাইনবাবগঞ্জের ফয়সাল (ছদ্মনাম) সরকারি চাকরির সুবাদে থাকেন খুলনায়। অবসর পেলেই সময় কাটানোর জন্য ছুটে যান খুলনার হাদিস পার্কে। সুরভি (ছদ্মনাম) রুপসার মেয়ে কেনাকাটা করতে গিয়ে বান্ধবীর সাথে যান হাদিস পার্কে, সেখানেই পরিচয় হয় ফয়সালের সাথে।

পরিচয়ের সূত্র ধরে মোবাইলফোনে নম্বর বিনিময়। মাঝে মাঝে মোবাইলে কথাবার্তা চলে দুজনের মধ্যে। সময়গুলো বেশ ভালই কাটছিলো ফয়সাল ও সুরভির। সময় যতই গড়ায় সম্পর্ক ততো গভীর হচ্ছে। সুরভি হঠাৎ চাকরির সন্ধানে চলে আসে ঢাকায়, পরিচয় হয় সাংবাদিক বকুলের (ছদ্মনাম) সঙ্গে।

সাংবাদিক বকুল অসহায় মানুষদের বেশ সাহায্য সহযোগিতা করেন। তিনি মিরপুর এলাকার একটি মানবাধিকার সংস্থার উচ্চপদস্থ কমকর্তা। বকুল সাহেবের এক আত্মীয় গণভবনের কমকর্তা। রাষ্ট্রের বড় বড় আমলা, ব্যবসায়ী, রাজনৈতিক নেতা সকলের সাথেই বকুল সাহেবের সখ্য। বকুল সাহেব চাইলেই একটা চাকরি জোগাড় করে দিতে পারেন সুরভিকে।

সুরভি, বকুল সাহেবকে বেশ সম্মান করেন। কেনই বা করবেন না একমাত্র বকুল সাহেবই পারেন তার দুঃখ দূর করতে। সুরভির স্বপ্নের সেই সোনার হরিণ বকুল সাহেবের কাছে ডাল-ভাত। সুরভির থাকার কোন জায়গা নাই, দূরসম্পর্কের আত্মীয় বাড়ি কদিনই বা থাকা যায়। সুরভি বকুল সাহেবকে তার সমস্যার কথা বললে বকুল সাহেব সুরভিকে ধৈর্য্য ধরতে বলেন। যে কোন চাকরি তো আর তাকে দেওয়া যায়না।

বেশ কয়েক জায়গায় কথা হয়েছে তবে ভালো চাকরির জন্য একটু সময় দিতে হয়। এভাবেই সময় গড়াতে থাকে এদিকে সুরভির আত্মীয় সুরভিকে আর রাখতে চায় না তাদের বাসায়। ঢাকা শহরে ছোট্ট বাসায় কয়দিনই বা রাখা যায়। সুরভি বকুল সাহেবকে ফোন করলেই বকুল সাহেব তার ব্যস্ততার কথা শুনান। তার হাতে কতো কাজ, সে সব সময় মন্ত্রী, আমলাদের সাথের মিটিংয়ে থাকেন।

সুরভি নাছোড়বান্দা হয়ে বার বার ফোন করেন বকুল সাহেবকে! তার পক্ষে আর ঢাকা থাকা সম্ভব না! বকুল সাহেব সুরভিকে বলেন তার একটা ফ্ল্যাট খালিই থাকে মাঝে মধ্যে সে যায় সেখানে। সুরভি চাইলেই থাকতে পারবে সেখানে। সুরভি বকুল সাহেবের প্রস্তাবে সাথে সাথে রাজি হয়ে যায়। কতো বড় মনের মানুষ হলে এতো বড় উপকার করে মানুষ।

বকুল সাহেবের কথা শুনে তার উপর হাজার গুন শ্রদ্ধা বেড়ে যায় সুরভির।

ব্যাগ ব্যাগেজ নিয়ে সুরভি উঠে পড়লো বকুল সাহেবের ফ্ল্যাটে। এক রুমে সুরভি আর পাশের রুমে থাকে বকুল সাহেব। ইদানিং সুরভিকে বেশ সময় দেন বকুল সাহেব ভালোবাসার কথা শুনায়। ধীরে ধীরে সুরভিও বকুল সাহেবকে ভালোবেসে ফেলে। এভাবে ভালোই কাটছিলো তাদের সময়। ইদানিং বকুল সাহেব তার লোকজনের কাছে সুরভিকে স্ত্রী হিসেবে পরিচয় করিয়ে দিচ্ছে। বাড়ির মালিকও সুরভিকে বকুল সাহেবের স্ত্রী হিসেবে জানেন। বিয়ে ছাড়াই স্বামী-স্ত্রী হিসেবে বকুল-সুরভির সংসার নব উদ্দ্যমে চলতে থাকে। স্বামী-স্ত্রী হিসেবে কিছু দিন যাওয়ার পরেই বকুল সাহেব বিভিন্ন লোকজনকে সুরভির শয্যা সঙ্গী বানাতে শুরু করে। সুরভি প্রথম দিকে আপত্তি করেও তেমন লাভ হয়নি, কারণ বকুল সাহেব খুবই প্রভাবশালী।

বকুল সাহেব সুরভিকে মোবাইল ফোনে বেশ কিছু ছবি দেখান। সেসব ছবিতে বকুল সাহেব রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যাক্তিদের সাথে বসে গল্প করছেন, খাচ্ছেন তাদের পারিবারিক অনুষ্ঠানে বকুল সাহেব অতিথি। বকুল সাহেব সুরভিকে বলে যে, পুলিশ তার কথায় উঠে বসে। তাই এখন থেকে সে যা বলবে সুরভি যেন তাই শুনে। সুরভি ভয়ে ভয়ে সম্মতি দেয়। বকুল সাহেব একটি মোবাইল নম্বর দিয়ে সুরভিকে বলে এই লোকের সাথে ভালোবাসার অভিনয় করে বাসাতে নিয়ে আসতে হবে।

সুরভি বকুল সাহেবের দেওয়া মোবাইল ফোনে কথা বলে প্রেমের সম্পর্ক স্থাপন করে। বকুল সাহেবের পরিকল্পনা মতো একদিন দাওয়াত করে বাসাতে এনে অন্তরঙ্গ মুহূর্তে বকুল সাহেব তার মেবাইলে ছবি ও ভিডিও ধারণ করে। ভুক্তভোগীর পরিবারের কাছে ধারণকৃত ছবি পাঠিয়ে দিবে,পুলিশে ধরিয়ে দিবে বলে মোটা অঙ্কের টাকা আদায় করে। এভাবে বেশ টাকা পয়সা আয় হচ্ছে সুরভির। বেশ সুখেই কাটছিলো সুরভিদের দিন। এদিকে হঠাৎ একদিন ফয়সালের ফোন, ফয়সালের ফোন পেয়ে বেশ খুশি সুরভি। ঢাকায় আসার পর থেকে খুব একটা কথা বলা হয় না ফয়সালের সাথে। তাই দুজনেই অনেকক্ষণ কথা বলে।

ফয়সাল ঢাকাতে আসবে, দেখা হয় না অনেক দিন তাই ফয়সাল দেখা করতে চায়। এ যেন মেঘ না চাইতেই বৃষ্টি। সুরভি বকুল সাহেবকে সব খুলে বলেন। বকুলের পরিকল্পনা মতো সুরভি ফয়সালকে বাসাতে নিয়ে আসে। বাসায় কেউ নাই তাই দরজা খোলা রেখে ফয়সাল সুরভি একান্তে অন্তরঙ্গ সময় কাটাতে থাকে। এদিকে বকুল সাহেব আগে থেকেই তার সহযোগীদের

নিয়ে ফাঁদ পেতে অপেক্ষা করতে থাকে, ভিডিও ধারণ করে। হঠাৎ সুরভির কক্ষে চার পাঁচ জন প্রবেশ করে ফয়সাল সুরভির নগ্ন ছবি ধারণ করে, পরিবার ও অফিসে প্রেরণের উদ্যোগ নেয়। ফয়সাল বকুল সাহেবের পায়ে ধরে বিষয়টি মিটমাট করার জন্য অনুনয়-বিনয় করতে থাকে।

শেষমেষ বকুল সাহেবদের মন গলে, চার লক্ষ টাকা দিতে পারলে ফয়সালের মুক্তি মিলবে। কিন্তু এতো টাকাতো ফয়সালের কাছে নাই! তার কাছে মাত্র ১১,০০০/- টাকা ছিলো যা আগেই বকুল সাহেবরা নিয়ে নিয়েছে। ফয়সাল তার এক আত্মীয়ের থেকে বিকাশের মাধ্যমে ১,০০,০০০/- টাকা আনায় এবং অবশিষ্ট তিন লক্ষ টাকা ধার স্বরূপ নিয়েছে মর্মে স্ট্যাম্পে স্বাক্ষর করে দিয়ে মুক্তি লাভ করে। মুক্তির পর থেকে অনবরত বকুল গং রা অবশিষ্ট তিন লক্ষ টাকার জন্য চাপ প্রয়োগ করতে থাকে, না দিলে তার অন্তরঙ্গ ছবি ও ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দিতে থাকে। টাকার জন্য ফয়সাল পাগলপ্রায়, পরিচিত আত্মীয়, বন্ধু, বান্ধব সবার কাছে টাকা ধারের চেষ্টা করতে থাকে। ফয়সালের অস্থিরতা দেখে সকলের সন্দেহ হয়।

পরিবারের সদস্যরা জানতে চায় হঠাৎ এতো টাকা কি কাজে লাগবে? ফয়সাল কৌশলে সকলের প্রশ্ন এড়িয়ে বারবার টাকা চায়। এদিকে বকুল সাহেব বিভিন্ন উপায়ে চাপ প্রয়োগ করতে থাকে। কখনো মেজর, কখনো সাংবাদিক পরিচয়ে ফোন করে পাওনা টাকার জন্য চাপ প্রয়োগ করে। সাথে ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছেড়ে দেওয়ার হুমকি তো আছেই। এদিকে ফয়সালের ছুটি শেষ, কাজে যোগ দিতে হবে। অফিসে যদি ঘটনাটি জানে তাহলে অনেক বড় ক্ষতি হয়ে যাবে! কি করবে? ফয়সাল কোন কিছু ভেবে না পেয়ে পরিবারের কাছে ঘটনাটি খুলে বলে।

ফয়সালের ভাই আসাদুজ্জামান বাদী হয়ে মিরপুর মডেল থানায় এজাহার দায়ের করলে মিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ স্যার এজাহার গ্রহণ করে সংশ্লিষ্ট মোবাইল পার্টিকে দ্রুত ঘটনাস্থলে প্রেরণ করেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে ঘটনাটি অবহিত করেন।অফিসার ইনচার্জের নিকট হতে সংবাদ পেয়ে থানায় ছুটে আসেন অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিরপুর জোন) জনাব মোঃ কামাল হোসেন স্যার বাদীর নিকট ঘটনা শুনে ঘটনাস্থলে অবস্থানরত এস আই তপন কুমার বিশ্বাসকে ফোন করে ঘটনার সত্যতা পেয়ে প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করেন। এস আই তপন কুমার বিশ্বাস ঘটনাস্থল থেকে সুরভিকে গ্রেফতার করেন। জব্দ করেন ফয়সাল সুরভির নগ্ন ছবি, ভিডিও সম্বলিত মোবাইল ফোন, স্বাক্ষর করা স্ট্যাম্প, যৌন কাজে ব্যবহৃত বিভিন্ন আলামত, ফাঁদে পড়া বিভিন্ন মানুষের স্বাক্ষর করা ব্যাংক চেক।আসামি ও জব্দ কৃত

আলামতসহ এস আই তপন থানায় হাজির হলে শুরু হয় বকুল সাহের রাজনৈতিক ও প্রশাসনিক তদবির।

সকল তদবির উপেক্ষা করে বাদীর দেওয়া এজাহার আমলে নিয়ে নিয়মিত মামলা রুজু হয়। গ্রেফতারকৃত আসামী সুরভি বিজ্ঞ আদালতে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় দোষ শিকার করে সহযোগিদের নাম উল্লেখ করে জবানবন্দি প্রদান করে। সুরভির পলাতক সহযোগিদের গ্রেফতারের জন্য অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার জনাব কামাল হোসেন স্যারের নেতৃত্বে মিরপুর থানা পুলিশের একাধিক চৌকস দল মাঠে কাজ করছে। মামলাটির তদন্তকালে জানা যায় বকুল(ছদ্মনাম) সুরভি সহ আরো একাধিক মেয়েদের দিয়ে প্রেমের ফাঁদে ফেলে মানুষকে জিম্মি করে টাকা আদায় করে আসছিলো।
বর্তমানে মামলাটি তদন্তধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

করোনা কেড়ে নিল আরও ৪৬ প্রাণ, আক্রান্ত ৩৪৮৯

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে এই বৈশ্বিক মহামারী দুই হাজার ১৯৭ জনের প্রাণ কেড়ে নিয়েছে।

বুধবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে এক অনলাইন ব্রিফিংয়ে স্বাস্থ্য অধিদফতর এমন তথ্য জানিয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা বলেন, দেশে গত একদিনে তিন হাজার ৪৮৯ জন নতুন করে এই ভাইরাসে আক্রান্ত হয়েছে। এতে সর্বমোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল জনে।

দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হওয়ার চার মাস পূর্ণ হয়েছে। কিন্তু প্রথম দিকে আক্রান্তের গতি ধীর থাকলেও দিনে দিনে তা তীব্র হচ্ছে।

প্রথম তিন মাসের তুলনায় চতুর্থ মাসে সংক্রমণ ও মৃত্যু বেড়ে গেছে। মোট রোগীর ৫৯ শতাংশের বেশি শনাক্ত হয়েছে চতুর্থ মাসে। আর মোট মৃত্যুর প্রায় ৫৭ শতাংশ ছিল এই এক মাসে।

গত বছরের শেষ দিকে চীনের উহানে প্রথম করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়ে। ক্রমে সেটা বৈশ্বিক মহামারীর রূপ নিয়ে ছড়িয়ে পড়ে। চীন দুই মাসের মধ্যে তাদের দেশে সংক্রমণ নিয়ন্ত্রণে নিয়ে আসে।

ইউরোপের অনেক দেশেও তিন থেকে চার মাসের মধ্যে সংক্রমণ নিয়ন্ত্রণে এনেছে। সে তুলনায় এশিয়া ও আমেরিকা মহাদেশের বেশির ভাগ দেশে সংক্রমণের ঊর্ধ্বগতি বেশি দীর্ঘস্থায়ী হচ্ছে।

জাপানে বন্যা-ভূমিধসে মৃত্যুর সংখ্যা বেড়ে ৫৩

ভারি বৃষ্টিতে সৃষ্ট বন্যা ও ভূমিধসে জাপানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় দ্বীপ কিউশুতে মৃত্যুর সংখ্যা বেড়ে ৫৩ জনে দাঁড়িয়েছে। এখনো অনেকে নিখোঁজ রয়েছে। পরিস্থিতি সামাল দিতে উদ্ধার ও ত্রাণ তৎপরতায় দ্বিগুণ লোক নিয়োগ করা হচ্ছে বলে জানিয়েছে দেশটির সরকার।

এক বিবৃতিতে জাপানের চিফ ক্যাবিনেট সেক্রেটারি ইয়োশিহিদি সুগা বলেছেন, ‘৯ (জুলাই) পর্যন্ত মেঘ বিরাজ করতে পারে বলে ধারণা করা হচ্ছে এবং তা পশ্চিম থেকে পূর্ব জাপান পর্যন্ত বিশাল এলাকাজুড়ে বিস্তৃত হতে পারে।’

ভূমি মন্ত্রণালয় জানিয়েছে, ১২টি প্রিফেকচার জুড়ে ৭১টি ভূমিধস হয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

কেন্দ্রীয় ১৪ দলের সমন্বয়ক ও মুখপাত্র আমির হোসেন আমু

প্রবীণ রাজনীতিক আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য আমির হোসেন আমু কেন্দ্রীয় ১৪ দলের সমন্বয়ক ও মুখপাত্র মনোনীত হয়েছেন। আওয়ামী লীগ সভানেত্রী ও জোট প্রধান প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাবেক মন্ত্রী আমির হোসেন আমুকে এ পদে মনোনীত করেছেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানিয়েছেন। আজ বুধবার সকালে সংসদ ভবনে তার সরকারি বাসভবনে অনলাইন ব্রিফিংয়ে ওবায়দুল কাদের এ তথ্য জানান।

বিভিন্ন সময়ে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও প্রেসিডিয়াম সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন আমির হোসেন আমু। বঙ্গবন্ধুর আদর্শের প্রতি অবিচল পথচলা এই প্রবীণ রাজনীতিবিদ শেখ হাসিনার প্রথম শাসন আমলে (১৯৯৬) খাদ্যমন্ত্রী ও বিগত শাসন আমলে (২০১৪) শিল্পমন্ত্রী হিসেবে সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন।

সূত্র- বিডি প্রতিদিন

পাপুল কুয়েতের নাগরিক হলে এমপি পদ বাতিল: প্রধানমন্ত্রী

লক্ষ্মীপুর-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য কাজী শহিদ ইসলাম পাপুল কুয়েতের নাগরিক হলে তার এমপি পদ বাতিল হবে।

আজ বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এর

আগে সাত দিন বিরতির পর সকাল ১১টায় সংসদের মুলতবি বৈঠক শুরু হয়।

পাপুল বিরুদ্ধে ওঠা অভিযোগের বিষয়ে তদন্ত করা হচ্ছে বলেও জানান প্রধানমন্ত্রী।

সরকারদলীয় সংসদ সদস্য বেনজীর আহমদ-এর প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, করোনাভাইরাসের কারণে বিভিন্ন দেশে কর্মহীন হয়ে পড়া বাংলাদেশি কর্মীরা যাতে করোনা পরবর্তী সময়ে পুনরায় কাজে নিয়োগ পেতে পারে, সেজন্য বিদেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখা হয়েছে।

এই অন্তর্বর্তী সময়ে বিদেশের বাংলাদেশ মিশনের শ্রমকল্যাণ শাখার মাধ্যমে আমরা দুস্থ ও কর্মহীন হয়ে পড়া প্রবাসী কর্মীদের মাঝে প্রায় ১১ কোটি টাকার ওষুধ, ত্রাণ ও জরুরি সামগ্রী বিতরণ করেছি।

প্রধানমন্ত্রী বলেন, করোনার কারণে চাকরিচ্যুত হয়ে কিংবা অন্য কোনো কারণে বিদেশফেরত কর্মীদের সহজ শর্তে ঋণ প্রদানের জন্য আমরা ইতোমধ্যেই প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে ৫০০ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করেছি। এছাড়া, করোনার কারণে ক্ষতিগ্রস্ত হয়ে বিদেশ প্রত্যাগত কর্মীদের এবং প্রবাসে করোনায় মৃত কর্মীর পরিবারের উপযুক্ত সদস্যকে প্রবাসীকল্যাণ ব্যাংকের মাধ্যমে স্বল্প সুদে ও সহজ শর্তে বিনিয়োগ ঋণ প্রদানের জন্য আমরা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে ২০০ কোটি টাকার তহবিল গঠন করেছি। এ সংক্রান্ত নীতিমালা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে।

মাস্ক দুর্নীতি: জেএমআই গ্রুপের এমডিকে জিজ্ঞাসাবাদ করছে দুদক

করোনাভাইরাসের সুরক্ষা সরঞ্জাম মাস্ক-পিপিই ক্রয় দুর্নীতির অনুসন্ধানে জেএমআই গ্রুপের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুর রাজ্জাক জিজ্ঞাসাবাদ করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার দুদকের প্রধান কার্যালয়ে সকাল সোয়া ১০টা থেকে তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছেন সংস্থার পরিচালক প্রধান মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে একটি টিম। টিমের অপর সদস্যরা হলেন উপপরিচালক নুরুল হুদা, সহকারী পরিচালক মো. সাইদুজ্জামান ও আতাউর রহমান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে কোভিড-১৯ এর চিকিৎসায় নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জামাদি ক্রয়সহ বিভিন্ন হাসপাতালে সরবরাহের নামে কোটি কোটি টাকা আত্মসাৎ করে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে এ জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

২১ জুন স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদফতর ও কেন্দ্রীয় ওষুধাগারের যথাক্রমে সচিব, মহাপরিচালক ও পরিচালক বরাবর পাঠানো চিঠিতে সংশ্লিষ্ট নথিপত্র তলব করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

করোনা কেড়ে নিল আরও ৫৫ প্রাণ

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ১৫১ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ২৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৬৮ হাজার ৬৪৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯৫৩ জন এবং মোট সুস্থ ৭৮ হাজার ১০২ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ৪৯১টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১৩ হাজার ১৭৩টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ২৭ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৬৮ হাজার ৬৪৫ জন।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২২ দশমিক ৯৮ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৫৫ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৪৬ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ২ হাজার ১৫১ জন।

এ পর্যন্ত যারা মৃত্যুবরণ করেছেন তাদের মধ্যে পুরুষের সংখ্যা এক হাজার ৭০৩ আর নারী ৪৪৮ জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯৫৩ জন। এ পর্যন্ত সুস্থ ৭৮ হাজার ১০২ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪৬ দশমিক ৩১ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৮ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ১১-২০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৬ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১৮ জন, ৬১-৭০ বছরের মধ্যে ২১ জন এবং ৭১-৮০ বছরের মধ্যে ৬ জন ও ৮১-৯০ বছরের মধ্যে একজন মারা গেছেন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ২৭ জন, চট্টগ্রামে ১২ জন, রাজশাহীতে ২ জন, সিলেটে ২ জন, খুলনায় ৭ জন, রংপুরে ২ জন, বরিশালে ২ জন এবং ময়মনসিংহে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৩৯ জন ও বাড়িতে ১৫ জন এবং মৃত অবস্থায় হাসপাতালে এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ। সূত্র-যুগান্তর